



## যুক্তরাষ্ট্রকে দায়ী করে হরমুজ প্রণালি বন্ধের সিদ্ধান্ত আইআরজিসির



হরমুজ প্রণালী।

যুক্তরাষ্ট্র যুদ্ধবিরতির শর্ত ভঙ্গ করেছে—এ অভিযোগ তুলে হরমুজ প্রণালি বন্ধ রাখার ঘোষণা দিয়েছে ইরানের আইআরজিসি। তাদের দাবি, ইরানি জাহাজ ও বন্দরে মার্কিন অবরোধ এখনো বহাল থাকায় প্রণালির দিকে আসা যেকোনো জাহাজকে শত্রুপক্ষের সহযোগী হিসেবে দেখা হবে।

অন্যদিকে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানকে কড়া বার্তা দিয়ে বলেছেন, হরমুজ প্রণালি বন্ধ করে ওয়াশিংটনের ওপর চাপ সৃষ্টি সম্ভব নয়। তার ভাষ্য, ইরানের সঙ্গে সব শর্তে সমঝোতা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত নৌ অবরোধ বহাল থাকবে।

এর আগে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি জানান, লেবানন পরিস্থিতিতে কেন্দ্র করে ঘোষিত যুদ্ধবিরতি এবং পূর্বনির্ধারিত পরিকল্পনা অনুযায়ী বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য প্রণালি খোলা রয়েছে। একই সঙ্গে উপপররাষ্ট্রমন্ত্রী সাঈদ খাতিবজাদেহ স্পষ্ট করেন, একটি যৌথ কাঠামোয় সমঝোতা না হলে যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন করে আলোচনা শুরু হবে না। এদিকে, ইরানের সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদ জানিয়েছে, তারা যুক্তরাষ্ট্রের দেওয়া প্রস্তাবগুলো খতিয়ে দেখছে।

সূত্র: আল-জাজিরা